পথ ভুলেছিস সত্যি বটে ? সিধে রাস্তা দেখতে চাস ?
এমন জায়গায় পাঠিয়ে দেব, সুখে থাকবি বারো মাস ।
হাঃ হাঃ হাঃ, হাঃ হাঃ হাঃ !
কেমন হে ভাই !        কেমন সে ঠাঁই ?
মন্দ নহে বড়ো—
এক দিন না এক দিন সবাই সেথায় হব জড়ো ।
হাঃ হাঃ হাঃ !
আয় সাথে আয়, রাস্তা তোরে দেখিয়ে দিই গে তবে—
আর তা হলে রাস্তা ভুলে ঘুরতে নাহি হবে ।
হাঃ হাঃ হাঃ !

---

Parjaay: Balmiki-Pratibha, Taal: Ektaal, Raag: Jogia

Visit www.geetabitan.com for notation and other detail